

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ নবী চরিত রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

কুরআনের মু'জেযা হওয়ার প্রমাণ সমূহ- ২৫. বাতিল হ'তে নিরাপদ (السالم من الأباطيل)

কুরআনই একমাত্র গ্রন্থ, যা সর্বাবস্থায় বাতিল ও মিথ্যা হ'তে নিরাপদ। কুরআনের শক্ররা এতে একটি বর্ণও ঢুকাতে পারেনি বা বের করতে পারেনি এবং পারবেও না কখনো। যেমন আল্লাহ বলেন, لَا يَأْتِيْهِ الْبَاطِلُ مِنْ بَيْنِ مِنْ حَكِيْمٍ حَمِيْدٍ 'তার সম্মুখ দিয়ে বা পিছন দিয়ে কখনোই বাতিল প্রবেশ করে না। এটি প্রজ্ঞাময় ও মহা প্রশংসিত সন্তার পক্ষ হ'তে অবতীর্ণ' (হামীম সাজদাহ ৪১/৪২)। তিনি বলেন, وَبِالْحَقِّ أَنْزَلْنَاهُ , 'আমরা সত্যসহ এ কুরআন নাযিল করেছি এবং সত্যসহ এটা নাযিল হয়েছে। আমরা তো তোমাকে কেবল সুসংবাদদাতা ও সতর্ককারী রূপে প্রেরণ করেছি' (বনু ইসরাঈল ১৭/১০৫)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5797

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন